# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. বিশ্ব সৃষ্টির তারিখ বা বিশ্বের বয়স বিষয়ক

বিশ্ব সৃষ্টির তারিখ, সময়, বিশ্বের বয়স, আদম (আঃ) থেকে ঈসা (আঃ) পর্যন্ত বা মুহাম্মাদুর রাসূলুল্লাহ (ﷺ) পর্যন্ত সময়ের হিসাব, আর কতদিন বিশ্ব থাকবে তার হিসাব ইত্যাদি বিষয়ে যা কিছু বলা হয় সবই বাতিল, মিথ্যা ও ভিত্তিহীন কথা। জালিয়াতগণ এ বিষয়ে অনেক কথা বানিয়েছে।

ইহূদী ও খৃস্টানগণের ‘বাইবেলে’ বিশ্বের বয়স প্রদান করা হয়েছে। মানব সৃষ্টির সময় বলা হয়েছে। বাইবেলের হিসাব অনুসারে বর্তমানে বিশ্বের বয়স ৭০০০ (সাত হাজার) বছর মাত্র। এ সকল কথা ঐতিহাসিভাবে এবং বৈজ্ঞানিকভাবে ভুল ও মিথ্যা বলে প্রমাণিত। এ সকল মিথ্যা ও ভুল তথ্যের উপর নির্ভর করে মুসলিম ঐতিহাসিকগণও অনেক কথা লিখেছেন। আর জালিয়াতগণ এ মর্মে অনেক জাল হাদীসও বানিয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4761

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন